

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবির সঙ্গে অগ্রণী ব্যাংকের সমঝোতা স্মারক স্বাক্ষর**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে (নোবিপ্রবি) অগ্রণী ব্যাংক পিএলসির সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। আজ রোববার (০৪ মে ২০২৫) উপাচার্যের সম্মেলন কক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবি ও অগ্রণী ব্যাংকের যৌথ উদ্যোগে নিজস্ব ভবন নির্মাণকল্পে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অগ্রণী ব্যাংক পিএলসি, নোবিপ্রবি শাখা, নোয়াখালীর এ সমঝোতা স্মারকে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী এবং অগ্রণী ব্যাংক পিএলসির পক্ষে স্বাক্ষর করেন উপ-মহাব্যবস্থাপক ও নোয়াখালী অঞ্চল প্রধান জনাব মো. আনোয়ার হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, সহকারী মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি কার্যালয়, নোয়াখালী জনাব জহিরুল ইসলাম পাটোয়ারী, নোবিপ্রবির হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ সাইদুর রহমান, এসপিও/ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি, মাইজদী কোর্ট শাখা, নোয়াখালী জনাব মোঃ মনজুরুল করিম, এসপিও/ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি, নোবিপ্রবি শাখা, জনাব এ.বি.এম নাসিরুল ইসলাম, সিনিয়র অফিসার, অগ্রণী ব্যাংক পিএলসি, নোবিপ্রবি শাখা জনাব মোঃ গোলাম নবীসহ সমঝোতা স্মারক স্বাক্ষরের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪